দৈনিক বাংলা

তারিখ 01 OCT 1990
পৃষ্ঠা ৮ কলাম ৪

44

# ১লা ডিসেম্বর থেকে সরকারী কলেজ শিক্ষক সমিতির ধর্মঘট

।। বিশ্ববিদ্যালয় রিপোর্টার ।।

বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতি ১৮ দফা দাবী আদায়ের লক্ষ্যে আগামী ১লা ডিসেম্বর থেকে দেশের সকল সরকারী কলেজে অবিরাম শিক্ষক ধর্মঘটের ডাক দিয়েছে।

রোববার ঢাকা কলেজে অনুষ্ঠিত কলেজ শিক্ষকদের মহাসমাবেশ থেকে এ ধর্মঘটের ডাক দেয়া হয়। বাংলাদেশ সরকারী কলেজ শিক্ষক সমিতির সভাপতিমন্ডলীর চেয়ারম্যান প্রিন্সিপ্যাল জাহান আরা বেগম সমাবেশে সভাপতিত্ব করেন।

প্রেসিডেন্টের ঘোষণার পরও ১৮ দফা দাবী পূরণ না হওয়ায় সমাবেশে ক্ষোভ প্রকাশ করা হয়।

সমাবেশ শেষে ব্যানার ও ফেস্টুন সজ্জিত শিক্ষকদের একটি দীর্ঘ মিছিল নগরীর বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জাতীয় প্রেসক্লাবের সামনে এসে শেষ হয়।